গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা।
www.fisheries.gov.bd

পত্র নং-৩৩.০২.০০০০.১২০.০৩.০৩৩.১৫-৩২/৭(৫৮৬) তারিখঃ ০২/০২/২০১৭ খ্রিঃ

বিষয় : বাংলাদেশ মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ বাস্তবায়নের বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।
সূত্র-১: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের পত্র নং-৩৩.০২.০০০০.১২৭.০৭.০৮০.১৬-১৮, তারিখ-২৩/০১/২০১৭।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ বাস্তবায়নের বিষয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত নীচে উদ্ধৃত করা হলোঃ

"৫। (খ) মৎস্য আইন অনুযায়ী কারেন্টজাল উৎপাদন, বিপণন, আমদানি, মজুদ, বিক্রয়, পরিবহন ও ব্যবহার নিষিদ্ধকরণের লক্ষ্যে অবৈধ প্রতিষ্ঠান/ ব্যক্তির বিরুদ্ধে জেলা মৎস্য কর্মকর্তা মামলা দায়ের করবে।"

"(চ) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক লাইসেন্সকৃত যেসব প্রতিষ্ঠান শর্ত লংঘন করে অবৈধ কারেন্টজাল উৎপাদন করছে তাদের লাইসেন্স বাতিলের জন্য জেলা মৎস্য কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন পৌরসভা/ইউনিয়ন পরিষদে দাখিল করতে হবে।"

এমতাবস্থায় উল্লিখিত সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি বর্ণনা মোতাবেক

২/২/১৭

(মোঃ গোলজার হোসেন)
উপপরিচালক (মৎস্যচাষ)
ফোন-০২৯৫৬১৫৯২
ই-মেইল: goljar_159@yahoo.com

জেলা মৎস্য কর্মকর্তা (সকল)
..............................।

সদয় জ্ঞাতার্থে বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রণীত নয়)

১. অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা
২. পরিচালক / প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (রিজার্ভ/সামুদ্রিক/ মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ/ জরিপ ও পরিকল্পনা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা/ সামুদ্রিক মৎস্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম/ মৎস্য প্রশিক্ষণ একাডেমি, সাভার, ঢাকা
৩. উপপরিচালক (প্রশাসন/ অর্থ/ চিংড়ি/ ফিল্ড সার্ভিস/ রিজার্ভ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা/ মৎস্য পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ দপ্তর, ঢাকা/ চট্টগ্রাম/ খুলনা
৪. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ, ঢাকা/ চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ রাজশাহী বিভাগ, রাজশাহী/ খুলনা বিভাগ, খুলনা / বরিশাল বিভাগ,বরিশাল/ সিলেট বিভাগ, সিলেট / রংপুর বিভাগ, রংপুর/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ
৫. প্রকল্প পরিচালক (সকল)............................................................ , মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা
৬. সিস্টেম এনালিষ্ট, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (মৎস্য অধিদপ্তরের ওয়েবসাইটের নোটিশ বোর্ডে ন্যূনতম ৩ কর্ম দিবস প্রকাশের অনুরোধসহ)
৭. মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮. সিনিয়র উপজেলা / উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল )
৯. দপ্তর নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২ অধিশাখা

নং-৩৩.০২.০০০০.১২৭.০৭.০৮০.১৬-১৮

তারিখঃ ১০ মাঘ ১৪২৩ / ২৩ জানুয়ারি ২০১৭

বিষয়ঃ বাংলাদেশ মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ বাস্তবায়নের বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।

সূত্রঃ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মৎস্য-২ অধিশাখা এর ১০/০১/২০১৭ তারিখের ৩৩.০০.০০০০.১২৭.০৮০.১৬-০৭ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মৎস্য সুরক্ষা ও সংরক্ষণ আইন, ১৯৫০ বাস্তবায়নের বিষয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত নীচে উদ্ধৃত করা হলোঃ

"৫। খ) মৎস্য আইন অনুযায়ী কারেন্টাজাল উৎপাদন, বিপণন, আমদানি, মজুদ, বিক্রয়, পরিবহন ও ব্যবহার নিষিদ্ধকরণের লক্ষ্যে অবৈধ প্রতিষ্ঠান/ ব্যক্তির বিরুদ্ধে জেলা মৎস্য কর্মকর্তা মামলা দায়ের করবে।

ঘ) মহামান্য সুপ্রীমকোর্টে দায়েরকৃত আপীল মামলাসমূহে সরকার পক্ষে যথাযথ প্রতিদ্বন্দিতার বিষয়ে মৎস্য অধিদপ্তর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং প্রয়োজনে মামলার গুরুত্ব বিবেচনা করে কোন কোন মামলায় বেসরকারি আইনজীবী নিয়োগের কাযক্রম গ্রহণ করতে হবে।

ঙ) The Protection and Conservation of Fish Rules 1985 এর সংশ্লিষ্ট ধারা সংশোধনের কার্যক্রম গ্রহণ করতে হবে।

চ) পৌরসভা/ইউনিয়ন পরিষদ কর্তৃক লাইসেন্সকৃত যেসব প্রতিষ্ঠান শর্ত লংঘন করে অবৈধভাবে কারেন্টজাল উৎপাদন করছে তাদের লাইসেন্স বাতিলের জন্য জেলা মৎস্য কর্মকর্তা তদন্তপূর্বক প্রতিবেদন পৌরসভা/ইউনিয়ন পরিষদে দাখিল করতে হবে।"

উল্লেখিত সিদ্ধান্ত বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

~~সংযুক্তিঃ~~

(মোঃ হামিদুর রহমান)
উপসচিব
☏- ৯৫৭৬৩৫৭
fisheries-2@mofl.gov.bd

মহাপরিচালক
মৎস্য অধিদপ্তর, রমনা, ঢাকা।

নং-৩৩.০২.০০০০.১২৭.০৭.০৮০.১৬-১৮

তারিখঃ ১০ মাঘ ১৪২৩ / ২৩ জানুয়ারি ২০১৭

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

০১। মন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৪। অতিরিক্ত সচিব (মৎস্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৫। গার্ড নথি।

(মোঃ হামিদুর রহমান )
উপসচিব

E:\Tuhina-2017\letter.docx